দর্শনা রেলবন্দরে লোডিং আনলোডিং আর সি সি ঢালাই কাজের উদ্বোধন

গতকাল শুক্রবার সকাল ১০ টায় দর্শনা আন্তর্জাতিক রেলস্টেশন চত্বরে দর্শনা রেলবন্দরে লোডিং আনলোডিং আর সি সি ঢালায় কাজের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। বাংলাদেশ রেলওয়ে বিভাগীয় প্রকৌশলী ১ বীরবল মন্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব হাজী মোঃ আলী আজগার টগর বলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশ রেলওয়ে কে ঢেলে সাজিয়েছে ।

উন্নয়নের রূপকার হাজী আলী আজগার টগর এমপি আরও বলেন জামাত-বিএনপি’র আমলে বাংলাদেশ রেলওয়ের কোনরকম উন্নয়ন হয়নি, মানুষ সারাদিন ট্রেনের অপেক্ষায় বসে থাকতে হত।এখন সঠিক টাইমে ট্রেন চলাচল করে।আমাদের চুয়াডাঙ্গা জেলাকে নতুন করে সাজানো হবে।

দর্শনায় বড় করে নতুন একটি স্টেশন হবে এখান থেকে মানুষ মেহেরপুর
– মুজিবনগর রেল স্হাপনের কাজ দ্রত গতিতে এগিয়ে যাচ্ছে।চুয়াডাঙ্গা ষ্টেশনসহ বাংলাদেশের মোট ২৫ টি স্টেশন দ্বিতীয় তলায় পরিণত করা হয়েছে।

এ সরকার উন্নয়নের সরকার, বাংলাদেশের মানুষ দিনদিন উন্নতির দিকে যাচ্ছে যদি বঙ্গবন্ধু বেঁচে থাকতো তাহলে দেশটার আরও উন্নত হতো। বিশেষ অতিথী হিসাবে উপস্হিত উপস্থিত ছিলেন রেলওয়ের পশ্চিম জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আসাদুল হক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জননেতা, আলী মুনসুর বাবু, আরও উপস্থিত ছিলেন বার বার নির্বাচিত পৌর মেয়র দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি, মতিয়ার রহমান, এ সময় আরও বক্তব্য রাখেন সি এ্যান্ড এফের সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হাবু, প্রধান অতিথি কে ফুল দিয়ে বরণ করে নেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আসাদুল হক, আরো উপস্থিত ছিলেন আওয়ামীলীগ, যুবলীগ ছাত্রলীগ নেতৃবৃন্দ।

পরে প্রধান অতিথি দর্শনা রেলবন্দরের ঢালায় কাজের ১ কোটি ৫৬ লাখ ৪০ হাজার ২৪৪ টাকার মাইল ফলক উম্মোচন করে। অনুষ্ঠানটি পরিচালনা

করেন উপজেলার আওয়ামী যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট।

চুয়াডাঙ্গায় হামলা, ভাঙচুরের প্রতিবাদে দু’নারীর সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গায় বাড়ির রাস্তা দখলের উদ্দেশ্যে হামলা, ভাঙচুর ও সাংবাদিকদের কাছে মিথ্যা তথ্য উপস্থাপনের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন আফরোজা খাতুন ও সাহিদা খাতুন নামের দুই নারী।

বৃহস্পতিবার দুপুরে চুয়াডাঙ্গা প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। অভিযোগকারীরা চুয়াডাঙ্গা শহরের কাঠপট্টি এলাকার বাসিন্দা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে দাবী করা হয়, পাশের একটি জমির সঙ্গবদ্ধ ১৫ মালিক তাদের নির্ধারিত রাস্তা ব্যবহার না করে আফরোজা খাতুন ও সাহিদা খাতুনের ব্যক্তিগত রাস্তা জোরপূর্বক ব্যবহারের জন্য পূর্ব থেকেই নানা পরিকল্পনা করে আসছে।

তারই ধারাবাহিকতায় গত ৪ ফেব্রুয়ারি বিনা উষ্কানিতে তাদের বাড়িতে হামলা চালিয়ে বাড়ির বিভিন্ন স্থান এবং সদর দরজা ভাঙচুর করে। পরবর্তিতে তারা মিথ্যা তথ্য দিয়ে সংবাদ সম্মেলন করে।

লিখিত বক্তব্যে বলা হয়েছে, আমরা দুই পরিবার আমাদের নিজ জমির দক্ষিণ পাশে যৌথভাবে ১৪ লিং জমি পথ হিসেবে ব্যবহার করে আসছি। উক্ত পথ আমাদের উভয় পরিবারের নিজ দলিলী সম্পত্তি। দলিল নং- ৩৮৬০/০৩। আমাদের জানমাল ও বাড়ীর সুরক্ষার জন্য আমরা উভয় পরিবার বাড়ির পশ্চিম পাশের অংশে নিরাপত্তা গেইট এবং দক্ষিণ পাশে প্রাচীর নির্মাণ করি।

এ অবস্থায় সম্পূর্ণ বিনা উষ্কানিতে কাঠপট্টি এলাকার আকবর আলী, তার দুই ছেলে সোহেল ও জুয়েল পূর্ব পরিকল্পনা মোতাবেক ১৫-২০ জন দুষ্কৃতিকারীকে সঙ্গে নিয়ে হাতে দেশীয় অস্ত্রশস্ত্রসহ আমাদের

নিরাপত্তা গেইট ভেঙ্গে জোরপূর্বক বাড়ির ভেতরে প্রবেশ করে এবং আমার বাসার মেইন গেইটে আঘাট করে ভাঙ্গার চেষ্টা করে। পরে পকেট গেইট দিয়ে বাসার মধ্যে জোরপূর্বক প্রবেশ করে। আমি এসবের কারণ জানতে গেলে অনুপ্রবেশকারীরা (সোহেল ও জুয়েলসহ) আমাকে মারধর করে আহত করে।

দক্ষিণ পাশের প্রাচীর ভেঙ্গে গুড়িয়ে দেয়। আমাদের মেরে ফেলারও হুমকি দেয়। এই ন্যাক্কারজনক অপরাধের কারণে আমি চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের করেছি। মামলা নং- ৮, তারিখ- ০৭/০২/২০২১।

এছাড়াও চুয়াডাঙ্গার দেওয়ানী আদালতে জমি সংক্রান্ত একটি মামলা চলমান রয়েছে। বর্তমানে আমরা পরিবারের সদস্যদের নিয়ে চরম নিরাপত্তাহীনতায় ভুগছি। তারা আমার পরিবারের বিরদ্ধে বিভিন্ন অপপ্রচার চালাচ্ছে। তারা আমাদের ব্যক্তিগত জমি ষড়যন্ত্রমূলকভাবে নিজেদের দলিলে অন্তর্ভূক্ত করেছে। তাদের জমির দক্ষিণ পাশে (পূর্বনির্ধারিত) ১২ ফুট রাস্তার ব্যবহার না করে গায়ের জোরে আমাদের জমি জবর দখল করার পায়তারা করছে।

অভিযুক্ত আকবর গং আমাদের জমির সন্নিকটে জমি ক্রয়ের পর থেকেই নানাভাবে আমাদের সাথে অসৌজন্যমূলক আচরণ করে আসছে। যার প্রতিবাদ করতে গেলেই তারা নানাভাবে হুমকি-ধামকি দিয়ে থাকে।

চুয়াডাঙ্গায় জেলা হকি টুর্ণামেন্টের উদ্বোধন

মুজিব শতবর্ষ উপলক্ষে বঙ্গবন্ধু চুয়াডাঙ্গা জেলা হকি টুর্ণামেন্টের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুর চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে টুর্ণামেন্টের উদ্বোধন করেন জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

আলোর দিশারী স্পোর্টিং ক্লাবের আয়োজন এবং জেলা ক্রীড়া সংস্থার

ব্যবস্থাপনায় এ টুর্ণামেন্ট অনুষ্ঠিত হচ্ছে।

জিয়াউর রহমানের পাকা ঘর ও মুদি দোকানের উদ্বোধন করলেন জেলা প্রশাসক -চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার সদরের বড়শলুয়া গ্রামের জিয়াউর রহমানের পাকা ঘর ও মুদি দোকানের উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

বুধবার ১০ ফেব্রুয়ারী বিকাল ৫ টার সময় পাকা ঘর ও মুদির দোকানের উদ্বোধন করেন তিনি।

উক্ত উদ্বোধন অনুষ্ঠানে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ সাদিকুর রহমানের সভাপত্বিতে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেরন চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন তিতুদহ ইউনিয়নের প্রশাসক আঃ হান্নান প্রথম আলোর চুয়াডাঙ্গা প্রতিনিধি শাহ আলম সনি ।

এছাড়াও উপস্থিত ছিলেন বেগমপুর ইউনিয়নের তরুন সমাজসেবক শামীম হোসেন মিজি ভালবাসার বন্ধনের সাধারণ সম্পাদক মিয়া নুর নবী সুমন সাংগঠনিক সম্পাদক আইনাল হক দপ্তর সম্পাদক আসাবুল হক বেগমপুর ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক শাহীন আহম্মেদ তিতুদহ ইউনিয়নের শিক্ষানুরাগী ব্যক্তি ফারুখ হোসেন সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

আলমডাঙ্গায় নির্বাচনী সভায় দীলিপ কুমার আগরওয়ালা

আলমডাঙ্গা পৌর সভা নির্বাচন উপলক্ষে ঢাকা কেন্দ্রীয় আওয়ামীলীগের উপ-কমিটির শিল্প ও বানিজ্য বিষয়ক সম্পাদক শিল্পপতি দীলিপ কুমার আগরওয়ালা আলমডাঙ্গা পৌর এলাকায় নৌকার পক্ষে নির্বাচনী সভা করেন।

গতকাল বিকেল ৫ টারদিকে টকিজ সিনেমা হলের পাশে ক্যানেল পাড়ায় নির্বাচনী পথসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় আওয়ামীলীগের উপ-কমিটির, শিল্প ও বানিজ্য বিষয়ক সম্পাদক শিল্পপতি দীলিপ কুমার আগরওয়ালা।

তিনি বলেন এটা ভাষা দিবসের মাস,এই মাসে বাঙলা ভাষার জন্য বুকের তাজা রক্ত ঢেলে দিয়েছিল,আমি সেই সব শহীদ সহ জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতি শ্রদ্ধা জানাচ্ছি।আজ বলতে দ্বিধা নেই আমি আপনাদেরই সন্তান,এখানে আমি দীর্ঘবছর টকিজ সিনেমা হল,শীলা সিনেমা হল,জনি সিনেমা হল পরিচালনা করেছি।

তখন আপনাদের সাথে আমার আত্বার সম্পর্ক ছিল,আমি আপনাদের মনের কথা আমি জানি,বর্তমান সরকার যাদের জমি নেই,ঘর নেই তাদের ঘর নির্মান করে দিচ্ছে,আপনারা যারা এই ক্যানেলে বসবাস করতেন তাদের তালিকা করে দেবেন,আমি সরকারের উচ্চ পর্যায়ে কথা বলে ঘর নির্মান করে দেবার ব্যাবস্থা করব।তবে আমি আপনাদের সন্তান হিসেবে আহবান করছি আপনারা আগামি ১৪ তারিখে নৌকা প্রতিকে ভোট দিয়ে জননেন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তি শালি করবেন।

,আপনারা সকলে নৌকা প্রতিকে ভোট দেবেন,কারন,জননেন্ত্রী নিশ্চয় ভেবে চিন্তেই গনু ভাইকে মনোনয়ন দিযেছেন।তাই আমি আপনাদের কাছে আহবান জানাব উন্নয়নের ধারা অব্যাহত রাখতে নৌকা প্রতিকে ভোট দিতে হবে।না হলে উন্নয়ন থেমে যাবে।

জেলা আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক ইউপি চেয়ারম্যান এ্যাডঃ আব্দুল মালেক বলেন,আজ আমরা আপনাদের কাছে বঙ্গবন্ধু কন্যার দেওয়া নৌকা প্রতিকের পক্ষে ভোট চেতে এসেছি।আমরা বিশ্বাস করি মাননীয় প্রধান মন্ত্রী তার পিতার স্বপ্ন বাস্তবায়ন করবেন।তবে আপনাদের কাছে বলতে এসেছি আপনারা আগামী ১৪ তারিখে সকলে ঐক্য বদ্ধ ভাবে

নৌকা প্রতিকে ভোট দিয়ে গনু ভাইকে বিজয়ি করবেন।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের তথ্য গবেষনা সম্পাদক কাউছার আহম্মদ বাবলু, ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল,সাবেক ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ,জেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক জানিব,এ্যাডঃ শফিকুল ইসলাম ।

স্বেচ্ছা সেবক লীগের যুগ্ম আহবায়ক শরিফুল ইসলাম রিফাতের উপস্থাপনায় বক্তব্য রাখেন জেলা স্বেচ্ছা সেবক লীগের যুগ্ম আহবায়ক মতিয়ার রহমান মতি,চুয়াডাঙ্গা পৌর সভার ওয়ার্ড কাউন্সলর মফিজুর রহমান মফি,সদর থানা ছাত্রলীগের সভাপতি জুয়েল রানা,আবু তাহের, সবুজ,জেলাস্বেচ্ছাসেবকলীগের সদস্য তরিকুলইসলাম টুকুল,নাজমুল,সাগর,নাইম,শুভ ইমরান,গাজী ইমদাদুুুল হক স্বজল,হিমু,আনিস,সাইফুুল,তৌফিক,আফ্রিদি,বিপ্লব,আলিফ,আসিফ,নিলয়,রাফি,জর্জ প্রমুখ।

কোভিড-১৯ প্রতিরোধে টিকা গ্রহণ করলেন এমপি টগর

করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধের জন্য টিকা গ্রহণ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। গতকাল বুধবার সকাল সাড়ে ১১ টার সময় দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে এই টিকা গ্রহণ করেন।

পর্যায়ক্রমে টিকা গ্রহণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, দর্শনা কেরুজ চিনিকলের প্রশাসনিক কর্মকর্তা মোঃ শাহাবুদ্দিন, শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, দামুড়হুদা মডেল থানার ওসি আব্দুল খালেক, ওসি (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মোহাম্মদ এনামুল করীম ইনু, দামুড়হুদা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি দীন মোহাম্মদ, সাংবাদিক সমিতির সাবেক সভাপতি জাহিদুর রহমান মুকুলসহ অনেকে।

টিকা গ্রহণ করার পর সকলেই সুস্থ ও স্বাভাবিক আছেন। কোন পার্শ্বপ্রতিক্রিয়া এখনো পর্যন্ত হয়নি এবং হবে না বলে আশাবাদী তারা। অন্যদেরও করোনা ভাইরাস প্রতিরোধে টিকা গ্রহণের জন্য উৎসাহিত করেন এমপি হাজী আলী আজগার টগর।

দামুড়হুদার জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে ৭৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ৪ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাজী মোঃ আলী আজগার টগর।

গতকাল বুধবার (১০ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০ টার সময় উক্ত উদ্বোধন অনুষ্ঠানে এমপি আলী আজগার টগর বলেন প্রধানমন্ত্রী ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের কন্যা শেখ হাসিনা বাংলাদেশকে সোনার বাংলা গড়ে তুলতে বিভিন্ন ভাবে উন্নয়ন মূলক কাজ করে যাচ্ছে, এ ধারাবাহিকতায় ৭৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ৪ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হলো।

এভাবে আমরা চুয়াডাঙ্গা-২ আসনে বিভিন্ন প্রতিষ্ঠান, সড়কের কাজসহ অসংখ্য উন্নয়নমূলক কাজ করেছি এবং আরো যাতে আমরা চুয়াডাঙ্গা জেলায় উন্নয়ন করতে পারি সেই জন্য কাজ অব্যাহত রেখেছি।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, অত্র বিদ্যালয়ের সভাপতি এবং হাউলী ইউনীয়নের আওয়ামী লীগ সভাপতি আলী আহম্মেদ সোনা, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আদিলুর রহমান আদিল, ইউনিয়ন ছাত্রলীগের আহবায়ক মোঃ রায়হানুল ইসলাম রায়হান, জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের

অবসরপ্রাপ্ত শিক্ষক মোঃ সিরাজুল হকসহ আরো অনেকে।

উক্ত জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ৪ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উদ্বোধন ছাড়াও আরো দামুড়হুদার পিরপুরকুল্লা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের চার তলা ভিত বিশিষ্ট একতলা একাডেমিক ভবন নির্মাণ কাজের উদ্বোধন করলেন।

চুয়াডাঙ্গায় ট্রাকচাপায় রেলইয়ার্ড শ্রমিক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় ট্রাকের ধাক্কায় সাজু আহম্মেদ (২৩) নামের এক রেলইয়ার্ড শ্রমিক নিহত হয়েছেন।

বুধবার সকালে দর্শনা রেলবন্দরে এ দূর্ঘটনা ঘটে। নিহত সাজু আহম্মেদ দর্শনা পৌর এলাকার শান্তিনগর গ্রামের মহিদুল ইসলামের ছেলে।

দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান জানান, বুধবার সকালে দর্শনা রেলইয়ার্ডে ভারত থেকে আসা মালবাহী ট্রেন থেকে পণ্য খালাসের কাজ করছিলো সাজুসহ কয়েক শ্রমিক।

এসময় খালাসকৃত পণ্যবোঝাই একটি ট্রাক (ঢাকা মেট্রো-১৩-৫৩৪৩) পেঁছাতে গেলে ট্রাক ও মালবাহী ট্রেনের মাঝে পড়ে পিষ্ট হয় সাজু। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে সাজুর মরদেহ উদ্ধার করে।

কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় কুড়ুলগাছি একাদশ জয়ী

দামুড়হুদা উপজেলার কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্ট ২০/২১ এর ফাইনাল খেলায় কুতুবপুর একাদশকে হারিয়ে কুড়ুলগাছি একাদশ জয়লাভ করেছে। গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে কুতুবপুর ক্রিকেট মাঠ প্রাঙ্গণে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রথমে টসে জিতে কুড়ুলগাছি একাদশ ব্যাটিং করার সিদ্ধান্ত নেয়। কুড়ুলগাছি একাদশ ব্যাট করতে নেমে নির্ধারিত ১৫ ওভার শেষে ৭ উইকেট হারিয়ে ১৭১ রান সংগ্রহ করে।

কুতুবপুর একাদশ ১৭২ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ৮ উইকেট হারিয়ে ১৫ ওভার খেলে ৯৩ রান সংগ্রহ করে। কুড়ুলগাছি একাদশের ইচু তিন উইকেট ও ২৯ বলে ৯৪ রান করে ম্যান অব দ্যা ম্যাচ এর পুরস্কার জিতে নেন।

ফাইনাল খেলায় জয়লাভ করে পুরস্কার তুলে নেন কুড়ুলগাছি একাদশের ক্যাপ্টেন আশরাফুল। ফাইনাল খেলার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, মনি মেম্বর, সাংবাদিক শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বিল্লাল, প্রিন্স সাজ্জাদ ও টুর্নামেন্ট কমিটির নেতৃবৃন্দ।

দামুড়হুদার কুড়ুলগাছিতে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে

রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের মৃত জবেদ আলীর ছেলে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীর মরদেহ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে। জানা গেছে, গতকাল মঙ্গলবার ভোরের দিকে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী অসুস্থতাজনিত কারণে মৃত্যবরণ করেন।

গতকাল মঙ্গলবার দুপুর ২টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের নেতৃত্বে দর্শনা থানা পুলিশের চৌকস পুলিশ সদস্যরা বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে গার্ড অব অনার প্রদান করেন। গার্ড অব অনার শেষে কুড়ুলগাছি গ্রাম্য কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়।

এ সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মো: এনামুল করিম ইনু, বীর মুক্তিযোদ্ধা সাবেক দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আছের উদ্দীন ও দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধারা।